

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

সপ্তম শ্রেণি  
পরিবেশ ও ভূগোল  
পূর্ণমান : ২০

- 
১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×৩=৩
- ১.১ অধিবর্ষের বছরটি হলো —
- (ক) ১৯৯৬ (খ) ১৯৯৪  
(গ) ১৯৯৮ (ঘ) ১৯৯০।
- ১.২ তোমার ছায়ার দৈর্ঘ্য সবচেয়ে ছোটো হবে —
- (ক) সকাল ৭ টায় (খ) সকাল ১০ টায়  
(গ) দুপুর ১২ টায় (ঘ) বিকেল ৪ টে।
- ১.৩ যে তারিখে মহাবিশুব হয় সেটি হলো —
- (ক) ১৭ মার্চ (খ) ২১ মার্চ  
(গ) ২৫ মার্চ (ঘ) ২৯ মার্চ।
- ২.১ বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো : ১×২=২
- ২.১.১ ২২ শে ডিসেম্বর পৃথিবীর সর্বত্র দিন-রাত্রি সমান হয়।  
২.১.২ আমাদের দেশে যখন শরৎকাল, দক্ষিণ গোলার্ধে তখন বসন্তকাল।
- ২.২ একটি বা দুটি শব্দে উত্তর দাও : ১×৩=৩
- ২.২.১ যে কল্পিত রেখার চারিদিকে পৃথিবী আবর্তন করে তার নাম লেখো।  
২.২.২ 'বিশুব' কথাটির অর্থ কী?  
২.২.৩ কোন মাসে পৃথিবী সূর্যের সবথেকে কাছে অবস্থান করে?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪
- ৩.১ সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবসময় সমান হয় না কেন?  
৩.২ পৃথিবীর পরিক্রমণ গতির আরেক নাম বার্ষিক গতি কেন?
৪. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৩×১=৩
- অপসূর ও অনুসূরের মধ্যে পার্থক্য লেখো।
৫. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৫×১=৫
- চিত্রসহ সংক্ষেপে ঋতু পরিবর্তনের বর্ণনা দাও।

---

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।  
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।